

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

**বাংলাদেশ টেলিভিশনে বাস্তবায়নে জন্ম ২০১৯-২০২০ অর্থ বছরে
গৃহীত নাগরিক সেবা সহজীকরণের তালিকা:**

ক) বিটিভির মোবাইল অ্যাপ চালু :

বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠানসমূহ দর্শকদের কাছে সহজে পৌঁছে দিতে মোবাইল অ্যাপ চালু করা হয়েছে। বিটিভির দর্শকগণ তাঁদের নিজস্ব মোবাইলের অ্যাপসটি ইনস্টলের মাধ্যমে বিটিভির সংবাদ, অনুষ্ঠান/খেলাখুলা প্রচারের তথ্য পাচ্ছে। এছাড়া জনগণস্বত্বপূর্ণ বিষয় অ্যাপ এর মাধ্যমে প্রচার করা সম্ভব হলে ফলে বিটিভির অনুষ্ঠান/সংবাদের দর্শকপ্রিয়তা আরো বৃদ্ধি পাবে।

খ) বিটিভির বেলা দুইটার সংবাদ ফেসবুকে সরাসরি সম্প্রচার:

বাংলাদেশ টেলিভিশনের বেলা ০২:০০টার সংবাদ ইতোমধ্যে সকল বেসরকারি টিভি চ্যানেল প্রচার করা হচ্ছে। বর্তমানে টিভি চ্যানেলের পাশাপাশি দর্শকগণ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের প্রতি বেশি আসক্ত। ফলে বিটিভির সংবাদ দর্শকদের নিকট সহজে পৌঁছে দিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে করে টেলিভিশনের পাশাপাশি মোবাইল ব্যবহারকারী দর্শকগণ নিজস্ব মোবাইলের মাধ্যমে ফেসবুকে বিটিভির দু'টার সংবাদ দেখার সুযোগ পাবেন। ফলে বিটিভির সংবাদ দর্শকদের দৌড়গোড়ায় সহজে পৌঁছে দেয়া সম্ভব হবে।

গ) Under vehicle Scanner Using Boom barrier প্রচলন।

বাংলাদেশ টেলিভিশন একটি কেপিআই গ্রেড-১ প্রতিষ্ঠান হিসেবে নিরাপত্তা নিশ্চিতকল্পে বিটিভিতে আগত দর্শনার্থী ও কলাকৃশলীদের গাড়িসহ সকল গাড়ি নিয়মিতভাবে তল্লাশী করা হয়। বর্তমান নিরাপত্তা ব্যবস্থাকে আরো আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে ম্যানুয়াল পদ্ধতির Mirror এর পরিবর্তে Under vehicle Scanner Using Boom barrier পদ্ধতির প্রচলন চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। Mirror পদ্ধতির মাধ্যমে একজন নিরাপত্তা প্রহরী গাড়ীর চতুর্দিকে ঘুরে গাড়ীর নিচে Mirror দিয়ে নিরাপত্তা তল্লাশী করতে হয় বিধায় অধিক সময়ের প্রয়োজন হয়। এছাড়া, ১০০% নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়না। স্বাভাবিক সংস্থাপিত Under vehicle Scanner Using Boom barrier পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ টেলিভিশনে প্রবেশকৃত সকল গাড়ির নিরাপত্তা তল্লাশী আধুনিক পদ্ধতিতে স্বল্প জনবল ও সময়ে ত্বষ্টিপূর্ণ নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে।

[Signature]

[Signature]

এস.এম. হারুন-অর-রশীদ
প্রশাসনিক পরিচালক
বাংলাদেশ টেলিভিশন